## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার আগস্ট/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ২৮/০৮/২০২৩ খ্রি.। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ৩১/০৭/২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রঃনং</th><th>দপ্তরের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১.</td><td>উপজেলা পরিষদ কয়রা, খুলনা।</td><td>(ক) মাননীয় সংসদ সদস্য ১০৪, খুলনা ০৬ সভায় জানান আসন্ন জাতীয় সংসদ নির্বাচন তিনি সকলকে সতর্কতার সাথে কাজ করার পরামর্শ প্রদান করেন। তিনি আরও জানান সুন্দর বনের মধ্যে হরিণ শিকার, মাছ শিকার রোধে যথোপযুক্ত কার্যক্রম গ্রহণ করার জন্য বন বিভাগের প্রতিনিধিগণের পরামর্শ প্রদান করেন। কয়রা উপজেলায় মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ের ভবনগুলোর ছাঁদ ও সানসেড পরিষ্কার রাখার পরামর্শ প্রদান করেন।<br><br>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন জিওবি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের নির্দেশনা মোতবেক উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সুপারিশকৃত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা সমূহ পিএমইউ-তে প্রেরণের জন্য অনুমোদনের প্রস্তাব করেন। প্রকল্প নিম্নরূপঃ
<table>
<tr><th>উপ-প্রকল্পের নম্বর</th><th>উপ প্রকল্পের নাম</th><th>উপ প্রকল্পের প্রস্তাবিত বাজেট (VAT ও IT টি ব্যতীত)</th></tr>
<tr><td>INF-2021-22-404753-01</td><td>খাবার পানি সংকট দূরীকরণে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে রেইন ওয়াটার হার্ভেষ্ট প্লান্ট স্থাপন</td><td>৪০,০০,০০০/-</td></tr>
<tr><td></td><td>মোট=</td><td>৪০,০০,০০০/-</td></tr>
</table></td><td>--<br><br>(খ) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন জিওবি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের নির্দেশনা মোতবেক উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সুপারিশকৃত অবকাঠামো উন্নয়ন সাব উপ-প্রকল্প প্রস্তাবনা পিএমইউ-তে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ ও উপজেলা কমিটি, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা এবং ইউডিএফ, কয়রা, খুলনা।</td></tr>
<tr><td>০২.</td><td>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা।</td><td>উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় ভূমিহীন ও গৃহহীন পরিবারের পূনর্বাসনের লক্ষ্যে কয়রা উপজেলায় ৪র্থ পর্যায়ের (২য় ধাপে) ১০০টি গৃহ নির্মাণের কাজ শেষ হয়েছে। বরাদ্দকৃত ঘরের তালিকা অনুযায়ী পূনর্বসানের কাজ চলমান। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৩.</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কয়রা, খুলনা সভার জানান হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৪.</td><td>উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা।</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৬.</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনা সভায় অফিসে কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
</table>

<table>
<tr><td>০৭</td><td>উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা।</td><td>উপজেলা প্রকৌশলী কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জুলাই/২০২৩ মাসের কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><td>সেবার নাম</td><td>মোট</td></tr>
<tr><td>সক্ষম দম্পত্তি</td><td>৪৩,৪৬৭ জন</td></tr>
<tr><td>গ্রহণকারী</td><td>৩৩,০৩৮ জন</td></tr>
<tr><td>সি এ আর</td><td>৭৬.০১%</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতিঃ</td><td>পুরুষঃ ০ জন ও মহিলাঃ ০২ জন সর্বমোটঃ ০২ জন।</td></tr>
<tr><td>আই ইউ ডি</td><td>নতুন ১৩ জন</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>নতুন ৬২ জন</td></tr>
<tr><td>ইনজেকটেবলস</td><td>৪১২৬ জন</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>২০৯১৫ জন</td></tr>
<tr><td>কনডম</td><td>২০৩৫ জন</td></tr>
<tr><td>মা ও শিশু স্বাস্থ্য সেবা</td><td></td></tr>
<tr><td>গর্ভবতীর সংখ্যা</td><td>১৭৬৯ জন</td></tr>
<tr><td>এএনসি</td><td>৩৮২ জন</td></tr>
<tr><td>পিএনসি</td><td>৭৫ জন</td></tr>
<tr><td>ডেলিভারি</td><td>UH&FWC : ০৫ জন ও সিএসবিএ কর্তৃক: ০৪ জন সর্বমোটঃ ০৯ জন।</td></tr>
<tr><td>জীবিত জন্ম</td><td>০৯ জন</td></tr>
<tr><td>মাতৃমৃত্যু</td><td>০ জন</td></tr>
<tr><td>শিশু মৃত্যু</td><td>০ জন</td></tr>
<tr><td>শিশু স্বাস্থ্য সেবা</td><td></td></tr>
<tr><td>কেন্দ্র</td><td>৫১৬ জন</td></tr>
<tr><td>কেন্দ্রের বাহিরে</td><td>৮২ জন</td></tr>
<tr><td>সাধারণ রোগী</td><td>২৯৬৫ জন</td></tr>
</table>
</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৯.</td><td>উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে পিইডিপি৪ এর তাওতায় স্লিপ ফান্ডের ১৪২ টি বিদ্যালয়ের ১টি বিদ্যালয়ে ৮৫,০০০/- টাকা, ৬টি বিদ্যালয়ে ৭০,০০০/- টাকা, ১৪২ টি বিদ্যালয়ে ৫০,০০০/- টাকা করে বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত অর্থ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>বিদ্যালয় প্রতি ৪০,০০০/- টাকা হারে ৮৩টি বিদ্যালয়ে রুটিন মেইনটেনেন্স বাবদ বিদ্যালয় প্রতি ৪০,০০০/- টাকা কওে বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>বিদ্যালয় প্রতি ২,০০,০০০/- টাকা হারে ১৩টি বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামত বাবদ বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>পিইডিপি৪ এর আওতায় ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০,০০০/- টাকা করে ওয়াসব্লকের বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>বিদ্যালয় প্রতি ১,৫০,০০০/- টাকা করে ৩ টি বিদ্যালয়ে নিউ বেইজড প্লেয়িং বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।<br><br>পিইডিপি৪ এর আওতায় এডুকেশন ইন ইমারজেন্সি বাবদ ৮টি বিদ্যালয়ের অনুকূলে ২,০০,০০০/- টাকা করে বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিদ্যালয়ের অনুকূলে ছাড় করা হয়েছে।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১০.</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনার প্রতিনিধি সভায় জানান যে, গ্রীষ্মকালীন খেলাধুলা আগামী ০২/০৯/২০২৩ খ্রি. তারিখ হতে স্কুল পর্যায়ে শুরু হতে যাচ্ছে। এছাড়া উপজেলা পর্যায়ের খেলাধুলা উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনা করে জানানো হবে। তিনি আরও জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
</table>

<table>
<tr><td>১১.</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা।</td><td>কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১২.</td><td>উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা।</td><td>কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৩.</td><td>উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২৯/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৮৬ টি। ২০২০-২১ অর্থ বছরে ১,১৪,৩৩০/- টাকা এবং ২০২১-২০২২ অর্থ বছরে ৯৭,৪৭০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালনের মাধ্যমে জমা প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থ বছরে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষে সমিতির নীট লাভের ৩% হারে সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৪০,৭৫৮/- টাকা এবং ২০২১-২০২২ অর্থবছরে ২৯,১০৩/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করে অন লাইনের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এছাড়া ও বিভিন্ন সমিতি থেকে ১০০ জন সদস্যদের সমন্বয়ে মৎস্যচাষ, গবাদীপশু, হাঁস মুরগী পালন, নারীর ক্ষমতায়ন ও বাল্য বিবাহ বিষয়ক ভ্রাম্যমান প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br><br>অত্র উপজেলায় ০২ টি আশ্রয়ণ প্রকল্প আছে (১) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (২) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পুনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৭০,২০৯/- টাকা এবং সুদ আদায় ১,১৩,২০২/- টাকা। আদায়ের হার ৭২%। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৪.</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা।</td><td>কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৫.</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৬.</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা আগস্ট/২০২৩ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।
<table>
<tr><th>বিষয়</th><th>চলতি মাস</th><th>চলতি বছর</th><th>ক্রমপুঞ্জিত</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>০</td><td>০</td><td>৮৭৯৮ জন</td><td>--</td></tr>
<tr><td>ঋণ বিতরণ (আত্মকর্ম)</td><td>৫১০০০০</td><td>৫১০০০০/-</td><td>২,০১,২১,৫০০/-</td><td>--</td></tr>
<tr><td>পরিবার ভিত্তিক ক্ষুদ্রঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>৪২,৪০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>যুব উদ্যোক্তা ঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>২,০০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>ঋণ আদায় হার</td><td>৯৮%</td><td>৯৫%</td><td>৯৭%</td><td>--</td></tr>
<tr><td>আত্মকর্মীর তথ্য</td><td>০</td><td>০</td><td>৩৪৫৫জন</td><td>--</td></tr>
<tr><td>যুব সংগঠন নিবন্ধন</td><td>০</td><td>০</td><td>১৩ টি</td><td>--</td></tr>
<tr><td>জোরদারকরণ প্রকল্প</td><td>০</td><td>০</td><td>৩,২৫,০০০/-</td><td>--</td></tr>
</table>
তিনি আরও জানান আগামী ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে ১২ জন যুব ও যুব মহিলার মাঝে ৫,১০,০০০/- ঋণ বিতরণ করা হয়েছে।</td><td>--</td><td>--</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | টেকার প্রকল্পের ২ মাস মেয়াদি কম্পিউটার প্রশিক্ষণে ২০ জন যুব মহিলা ও ২০ জন যুবকের কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে মনোনীত করা হয়েছে। আদায় ও প্রশিক্ষণ স্বাভাবিকভাবে চলমান। | | |
| ১৭. | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান বছরে ঋণ বিতরণ, ঋণ আদায় এবং অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৮. | উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা। | উপজেলা বন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৯. | পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, পিডিবিএফ কয়রা কার্যালয়ে ২০২২-২০২৩ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৫ জন সদস্যকে নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ দেয়া হয়েছে। লক্ষমাত্রা অনুযায়ী ক্ষুদ্র ঋণ বাবদ ৪,৪৯,৮১,০০০/- (চার কোটি উনপঞ্চাশ লক্ষ একাশি হাজার) টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তার মধ্যে ১,০১,৮০,০০০/- (এক কোটি এক লক্ষ আশি হাজার) টাকা এবং নারী উদ্যোক্তার মধ্যে ৪০,৭৮,০০০/- (চল্লিশ লক্ষ আটাত্তর হাজার) টাকা ঋণ বিনিয়োগ করেছে। যার চলতি ঋণ আদায়ের হার ৯৮%। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুলাই/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুলাই/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুলাই/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪. | উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৮৩/- |
| ০৫. | উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯৭/- |
| ০৬. | উপজেলা পরিষদ মালীর জুলাই/২০২৩ মাসের মজুরী বিল। | ১১,০০০/- |
| ০৭. | উপজেলা পরিষদ সুইপারের জুলাই/২০২৩ মাসের মজুরী বিল। | ১২,১০০/- |
| ০৮. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর জুলাই/২০২৩ মাসের জ্বালানী তেলের ব্যয় বিল ভ্যাট ও আয়করসহ মোট বিল। | ২৯,৪৬৪/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/০৮/২০২৩

এস, এম, শফিকুল ইসলাম
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

তারিখঃ ২৮-০৮-২০২৩ খ্রিঃ।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৩-৬০ (৪৫)

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ</u>

০১। মাননীয় সংসদ সদস্য-১০৪, খুলনা-০৬।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।

<u>অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ</u>

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৮। উপজেলা..................................................অফিসার, কয়রা, খুলনা।
০৯। চেয়ারম্যান...................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
১০। সংরক্ষিত মহিলা সদস্য.................................,কয়রা, খুলনা।

মোঃ মমিনুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd